২৮

তারিখ ... ১।৬।৭৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

দৈনিক বাংলা

024

# জুলাইর প্রথম সপ্তাহে এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে

(স্টাফ রিপোর্টার)

আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে। দেশের চারটি শিক্ষা বোর্ডের পরীক্ষার ফল একই সঙ্গে প্রকাশের জন্যে সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

জানা গেছে, গত ২৩শে মে শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে অনুষ্ঠিত চারটি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান-হয়েছে। ঢাকা বোর্ডের পরীক্ষার সমস্ত ফল ইতিমধ্যেই বোর্ডে এসে পৌঁছে গেছে। চলতি জুন মাসের মাঝামাঝি সময়েই ঢাকা বোর্ডের ফল প্রকাশ করা সম্ভব ছিল। কিন্তু অন্যান্য বোর্ডের কাজে আশানুরূপ অগ্রগতি হয়নি বলে এই সময়ে চারটি বোর্ডের ফল একত্রে প্রকাশ করা সম্ভব নয়। তাই জুলাই মাসের প্রথম সপ্তাহে ফল প্রকাশের সময় নির্ধারিত হয়েছে।